



পাঠ ৪৭

日本語教師になるのが夢です

নিহোংগো-কিয়োগশি নি নারু নো গা ইয়ুমে দেস্

先生	最後に、みなさんの夢を教えてください。	সবশেষে, আপনাদের সবার স্বপ্নের কথা বলুন।
শিক্ষক	সাইগো নি, মিনাসান নো ইয়ুমে ও ওশিয়েতে কুদাসাই।	
ロドリゴ	僕は日本を1周したいです。	আমি সমগ্র জাপান ভ্রমণ করতে চাই।
রড্রিগো	বোকু ওয়া নিহোন ও ইশুউ শিতাই দেস্।	
アンナ	私は・・・日本語教師になるのが夢です。	আমার ব্যাপারে বলতে চাই... জাপানি
আন্না	ওয়াতাশি ওয়া ... নিহোংগো-কিয়োগশি নি নারু নো গা ইয়ুমে দেস্।	ভাষার শিক্ষক হওয়া আমার স্বপ্ন।



## ব্যাকরণের টিপস্

## ① \_ নি নারিমাস্ ( \_ হওয়া)

- ◆ নি একটি পার্টিকেল যা পরিবর্তনের ফলাফল নির্দেশ করে।  
যেমন) নিহোংগো কিয়োগশি নি নারিমাস্। (আমি জাপানি ভাষার শিক্ষক হব)

② ক্রিয়ার সরল রূপ + নো : ক্রিয়াপদকে বিশেষ্যপদে রূপান্তরের নিয়ম

- ◆ ক্রিয়াপদকে বিশেষ্যপদে রূপান্তর করতে হলে ক্রিয়ার সরল রূপ, যেমন আভিধানিক রূপ বা তা-রূপের পর নো যুক্ত করতে হবে।

যেমন) নিহোংগো-কিয়োগশি নি নারু নো গা ইয়ুমে দেস্।

↳ নারিমাস্ (হওয়া) ক্রিয়ার আভিধানিক রূপ

(জাপানি ভাষার শিক্ষক হওয়া আমার স্বপ্ন)

- ◆ এক্ষেত্রে নো কথাটির পরিবর্তে কোতো শব্দটিও ব্যবহার করা যায়।

যেমন) নিহোংগো-কিয়োগশি নি নারু কোতো গা ইয়ুমে দেস্।

... ৯০ ... ৮০ ... ৭০ ... ৬০ ... ৫০ ... ৪০ ... ৩০ ... ২০ ... ১০ ... ০ ... ১০ ... ২০ ... ৩০ ... ৪০ ... ৫০ ... ৬০ ... ৭০ ... ৮০ ... ৯০ ...



ধ্বন্যাঙ্ক শব্দ

সুরাসুরা



পেরাপেরা



এটি অনর্গল এবং বারবারভাবে অনায়াসে কথা বলা বা পড়ার ভঙ্গি প্রকাশ করে।

এটি দ্রুতলয়ে অনবরত বকবক করা, অথবা কারো সঙ্গে অপ্রয়োজনীয় কথা বলার অভ্যেস প্রকাশ করে